গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.chapainawabganj.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.৪৩.৭০০০.০১১.০৬.০২৪.১৯- ৫৩৮

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ০৮.০৭.২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭.২৩৫ সংখ্যক স্মারকে ০৯ (নয়) টি "হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর" পদে ছাড়পত্রাদেশের প্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে নিম্নোক্ত শূণ্যপদ পূরণ এবং প্যানেল প্রস্তুতের জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | বেতন স্কেল | বর্তমান শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২৪৯০/ (জাতীয় বেতন স্কেল ২০১৫ খ্রি: এর ১৬ তম ধাপ) | ০৯ টি স্থায়ী পদ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয় |

শর্তাবলী :

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে জারীকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা www.mopa.gov.bd অথবা জেলা তথ্য বাতায়ন www. chapainawabganj.gov.bd ওয়েব সাইট হতে ডাউনলোড করা যাবে।

৩. আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, ১ম শ্রেণীর (৯ম গ্রেড বা তদুর্ধ্ব ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

৪. যে কোন তফশীলভুক্ত ব্যাংক থেকে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫. আবেদনপত্র জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বরাবর লিখে ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে এ অফিসে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র এ অফিসে না পৌঁছালে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. প্রার্থীর বয়সসীমা আবেদন জমা দেয়ার শেষ তারিখে ১৮ খেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭. মেধার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে এবং পদ শূণ্য হওয়া সাপেক্ষে উক্ত প্যানেল হতে মেধার ক্রমানুসারে নিয়োগ দেয়া হবে। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময় পর্যন্ত প্যানেল বলবৎ থাকবে।

৮. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। বিশেষ কোটার দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের অনুলিপির কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। খামের উপরে পদের নাম ও কোটা অবশ্যই উল্লেখ করতে হবে।

৯. (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান নাতি-নাতনী হিসেবে চাকরি প্রার্থীদের আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদের ছায়ালিপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী কর্তৃক

প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদ পত্রের ছায়ালিপি জমা দিতে হবে। এরুপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধার কোটা সংক্রান্ত সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(খ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১০. আবেদনকারীকে কম্পিউটার (এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, অনলাইন ও ই-মেইলসহ বিভিন্ন প্রোগ্রাম) পরিচালনায় পারদর্শী হতে হবে এবং এতদসংক্রান্ত অভিজ্ঞতা/প্রশিক্ষণের সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১১. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. চাকুরীরত প্রার্থীদের অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে।

১৩. বয়স প্রমাণের জন্য এস.এস.সি/সমমানের পরীক্ষার সনদপত্রের ছায়ালিপি দাখিল করতে হবে।

১৪. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৫. প্রার্থীর সাথে যোগাযোগের জন্য ১০/-(দশ) টাকার ডাক টিকিটসহ যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০"X৪.৫" সাইজের খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৬. সকল প্রকার মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মূল সনদপত্র/সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য নয়।

১৭. আবেদনপত্র গ্রহণ/বাতিল/নিয়োগ সংক্রান্ত সকল বিষয় সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৮. কোন তথ্য গোপন করে/ভুল তথ্য প্রকাশ করে/পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলেও প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২.০৯.

জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ
ফোন:০৭৮১-৫২৩০০
E-mail:dcchapainawabganj@mopa.gov.bd

স্মারক নং-৪৬.৪৩.৭০০০.০১১.০৬.০২৪.১৯-৫৩৮

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ / ০১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী

সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:-

০৪। জেলা প্রশাসক.............................. রাজশাহী বিভাগ
০৫। ............................................(জেলা পর্যায়ের সকল কর্মকর্তা), চাঁপাইনবাবগঞ্জ
০৬। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
০৭। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/নাচোল/রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
০৮। চেয়ারম্যান.............................ইউনিয়ন পরিষদ, উপজেলা................................ (সকল), জেলা-চাঁপাইনবাবগঞ্জ
০৯। সহকারী প্রোগ্রামার, জেলা ই-সেবা কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। সম্পাদক, দৈনিক .........................................পত্রিকা। বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় সীমিত আকারে একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো

০২.০৯.

জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ

F:\UP Ac. Assistant Appointmen t2019- Copy\AC. Assis. Circular.docx